

এ জন্মের লাগি
তোর পাপমূল্যে কেনা
মহাপাপভাগী
এ জীবন করিলি ধিক্কৃত ।
কলঙ্কিনী ধিক্ নিশ্বাস মোর
তোর কাছে ঋণী ॥
তোমার কাছে দোষ করি নাই ।
দোষ করি নাই ।
দোষী আমি বিধাতার পায়ে,
তিনি করিবেন রোষ -
সহিব নীরবে ।
তুমি যদি না করো দয়া
সবে না, সবে না, সবে না ॥
তবু ছাড়িবি না মোরে ?
ছাড়িবি না, ছাড়িবি না, ছাড়িবি না,
তোমা লাগি পাপ নাথ,
তুমি করো মর্মাঘাত ।
ছাড়িবি না, ছাড়িবি না, ছাড়িবি না ।

Parjaay: Shyama / Porishodh, Taal: Kaharwa, Raag: Mishra-Kedara
Visit www.geetabitan.com for notation and other detail